

জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) জাতীয় পর্যায়ে একটি বেসরকারী উন্নয়ন সংস্থা (এমআরএ এর সনদ নং ০১২২৯-০০৩৩২-০০২২২) পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগীতায় বাস্তবায়িত ঋণ সহায়তা কর্মসূচির আওতায় নিম্নলিখিত স্থায়ী পদসমূহের জন্য যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম ও বেতন ভাতা	বয়স (সর্বোচ্চ)	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা
জোনাল ম্যানেজার, পদ সংখ্যা-০২ শিক্ষানবীশকালীন মাসিক বেতন ৪৫,০০০-৫০,০০০ টাকা।	৪৫ বছর	স্নাতকোত্তর	স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্ষুদ্র ঋণ/ ক্ষুদ্র উদ্যোগ ঋণ কর্মসূচিতে কমপক্ষে ২০টি শাখা পরিচালনায় ২ বছর এবং সংশ্লিষ্ট কর্মসূচিতে সর্বমোট ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
ক্ষুদ্র উদ্যোগ ঋণ সমন্বয়কারী, পদ সংখ্যা-০১ শিক্ষানবীশকালীন মাসিক বেতন ৪৫,০০০-৫০,০০০ টাকা।	৪৫ বছর	স্নাতকোত্তর	স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্ষুদ্র ঋণ/ ক্ষুদ্র উদ্যোগ ঋণ কর্মসূচিতে জোনাল ম্যানেজার বা সমমর্যদা সম্পন্ন পদে কমপক্ষে ২ বছর এবং সংশ্লিষ্ট কর্মসূচিতে সর্বমোট ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্বতন্ত্রভাবে ক্ষুদ্র উদ্যোগ ঋণ কর্মসূচি পরিচালনাকারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
এরিয়া ম্যানেজার, পদ সংখ্যা-১০ শিক্ষানবীশকালীন মাসিক বেতন ৩৫,০০০-৪০,০০০ টাকা।	৪৫ বছর	ন্যূনতম স্নাতক	স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্ষুদ্র ঋণ/ ক্ষুদ্র উদ্যোগ ঋণ কর্মসূচিতে কমপক্ষে ৫টি শাখা পরিচালনায় ৩ বছর এবং সংশ্লিষ্ট কর্মসূচিতে সর্বমোট ৮ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
শাখা ব্যবস্থাপক, পদ সংখ্যা-৫০ শিক্ষানবীশকালীন মাসিক বেতন ৩০,০০০-৩৫,০০০ টাকা।	৪০ বছর	ন্যূনতম স্নাতক	স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্ষুদ্র ঋণ/ ক্ষুদ্র উদ্যোগ ঋণ কর্মসূচিতে সংশ্লিষ্ট পদে ৩ বছর এবং সর্বমোট ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
সহকারী শাখা ব্যবস্থাপক, পদ সংখ্যা-৫০ শিক্ষানবীশকালীন মাসিক বেতন ২০,০০০-২২,০০০ টাকা।	৩৫ বছর	স্নাতকোত্তর	ঋণসহায়তা কর্মসূচিতে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
হিসাব রক্ষক(শাখা), পদ সংখ্যা-২৫ শিক্ষানবীশকালীন মাসিক বেতন ২০,০০০-২২,০০০ টাকা।	৩৫ বছর	স্নাতকোত্তর (হিসাব বিজ্ঞান)	ঋণসহায়তা কর্মসূচিতে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
সিনিয়র ক্রেডিট অফিসার, পদ সংখ্যা-২০০ শিক্ষানবীশকালীন মাসিক বেতন ১৮,০০০-২২,০০০ টাকা।	২৫-৪০ বছর	ন্যূনতম স্নাতক	ঋণসহায়তা কর্মসূচিতে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
ক্রেডিট অফিসার, পদ সংখ্যা-১০০ শিক্ষানবীশকালীন মাসিক বেতন ১৬,০০০-২০,০০০ টাকা।	২৫-৪০ বছর	উচ্চ মাধ্যমিক (ন্যূনতম ৪ পয়েন্ট)	ঋণসহায়তা কর্মসূচিতে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

বিঃ দ্রঃ ১.সকল পদে অধিক যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষে, ২. অধ্যায়নরতদের আবেদন করার প্রয়োজন নেই, ৩. ১ থেকে ৪ নং পদের প্রার্থীদের স্বনামধন্য প্রতিষ্ঠানে কর্মরত থাকতে হবে, ৪. ১ থেকে ৬ নং পদের প্রার্থীদের MS Office ও ইন্টারনেট পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে, ৫. ধূমপায়ীদের আবেদন করার প্রয়োজন নেই, ৬. সকল পদে নিয়োগের ক্ষেত্রে নারী ও প্রতিবন্ধী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে, ৭. এনডিপির প্রধান কার্যালয় ছাড়া অন্য কোন মাধ্যমে (বিকাশ, রকেট, নগদ ইত্যাদি) আর্থিক লেনদেন করে না, ৮. ৭ ও ৮ নং পদে নির্বাচিত প্রার্থীদের শিক্ষানবীশকালে নির্ধারিত বেতনের ৮০% প্রদান করা হবে এবং স্থায়ী করণের পর অবশিষ্ট ২০% এরিয়া হিসাবে প্রদান করা হবে, তবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে এ নিয়ম শিথিলযোগ্য।

সংস্থা প্রদত্ত অন্যান্য সুবিধা ও শর্তাবলীঃ

সকল পদের জন্য শিক্ষানবীশকাল ৬ মাস। শিক্ষানবীশকাল শেষে সংস্থার নিয়মিত বেতন কাঠামো নির্ধারণ, বার্ষিক ইনক্রিমেন্ট, ২টি উৎসব বোনাস, বৈশাখী ভাতা, লাঞ্চ ভাতা, দুরত্ব ভাতা, জ্বালানী/ যাতায়াত ভাতা, ফ্রি আবাসন সুবিধা, প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুয়িটি ইত্যাদি প্রদান করা হবে। সংশ্লিষ্ট পদে স্থায়ী হলে গৃহঋণ, দুর্ঘটনা সহায়তা, কর্মী কল্যান সহায়তা ও সন্তানদের জন্য শিক্ষাবৃত্তি প্রদান করা হবে। নির্বাচিত হলে শাখা ব্যবস্থাপক পদের জন্য ২০,০০০ (ফেরতযোগ্য), সহকারী শাখা ব্যবস্থাপক ও হিসাব রক্ষক পদের জন্য ১৫,০০০ ও সিনিয়র ক্রেডিট অফিসার এবং ক্রেডিট অফিসার পদের জন্য ১২,০০০ টাকা জামানত দিতে হবে। আর্থহী প্রার্থীদের ১ কপি জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা/কর্ম অভিজ্ঞতার সনদ পত্রের অনুলিপি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্রের অনুলিপি, জন্ম সনদের অনুলিপি স্বহস্তে লিখিত দরখাস্তসহ সদ্য তোলা ২ কপি পাস পোর্ট সাইজের রঙিন ছবিসহ বিভাগ প্রধান (মানব সম্পদ ও প্রশাসন), এনডিপি, কাজী মতিউর রহমান সড়ক, মাসুমপুর, সিরাজগঞ্জ অথবা পোস্ট বক্স-০২, সিরাজগঞ্জ বরাবরে আবেদনপত্র আগামী ১০ সেপ্টেম্বর'২২ তারিখের মধ্যে জমা দিতে হবে। খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। উল্লেখ্য ঢাকা, রাজশাহী ও রংপুর বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। নির্বাচনী পরীক্ষার জন্য কোন প্রকার টিএ ডিএ দেয়া হবে না।